

### 3 (Sem-6/CBCS) BEN SE

2023

BENGALI

( Skill Enhancement )

Paper : BEN-SE-6014

( অনুবাদ চর্চা )

Full Marks : 50

Time : 2 hours

The figures in the margin indicate full marks for the questions

১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো :

(১×৪=৪)

(ক) মূল পাঠের শব্দ ধরে যে অনুবাদ করা হয় তা হল

( স্বাধীন অনুবাদ / আক্ষরিক অনুবাদ /  
ভাবানুবাদ / রসানুবাদ )

(খ) পারম্পরিক সাহিত্যের বিনিময়ের ক্ষেত্রে কোন্ মনীষী  
অনুবাদের আশ্রয় নিতে চেয়েছিলেন?

( গোটে / শেক্সপিয়র / দান্তে / ক্রোচে )

(গ) 'রোমিও অ্যান্ড জুলিয়েট' নাটকটি বাংলায় অনুবাদ করেছেন

( নবীনচন্দ্র সেন / রবীন্দ্রনাথ ঠাকুর / হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় / বুদ্ধদেব বসু )

(ঘ) 'মহাভারত'-এর সর্বাধিক জনপ্রিয় অনুবাদক হলেন

( বিজয় পণ্ডিত / রামচন্দ্র খান / শ্রীকর নন্দী / কাশীরাম দাস )

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৩=৬

(ক) 'মঙ্গল সমাচার মাতিউর রচিত' কার লেখা? এটি কোন্ গ্রন্থের বাংলা অনুবাদ?

(খ) 'হেক্টর বধ' কে লিখেছেন? এটি কোন্ মহাকাব্যের আংশিক অনুবাদ?

(গ) সত্যেন্দ্রনাথ দত্ত যে সকল বিদেশি কবির লেখা কবিতা বাংলায় অনুবাদ করেছিলেন তাঁদের মধ্যে যে কোনো দুজন কবির নাম লেখো।

৩। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

(ক) ভাবানুবাদের সংজ্ঞা লেখো ও উদাহরণ দাও।

(খ) "ভালো অনুবাদ বস্তুতপক্ষে নতুন একটি রূপ সৃষ্টি।" উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) টীকা লেখো :

অনুবাদক মালাধর বসু অথবা অনুবাদক কবি সঞ্জয়

(ঘ) সত্যেন্দ্রনাথ দত্তের অনুবাদ কর্মের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

(ক) বাংলা ভাষায় বিদ্যাসাগর অনূদিত গ্রন্থগুলোর পরিচয় দাও।

(খ) 'রামায়ণ'-এর বঙ্গানুবাদক হিসেবে কৃষ্ণিবাস ওয়ার কৃতিত্বের পরিচয় দাও।

(গ) অনুবাদ কাকে বলে? অনুবাদ ও অনুসৃজনের মধ্যে সম্পর্ক কীরূপ তা আলোচনা করো।

(ঘ) কবিতা অনুবাদের ক্ষেত্রে একজন অনুবাদক যে বিশেষ নিয়মাবলি অনুসরণ করে থাকেন তা আলোচনা করো।

(ঙ) ভারতীয় সাহিত্যের অনুবাদ সম্পর্কে একটি নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করো।

(চ) অনুবাদের ক্ষেত্রে ভাষাগত সমস্যাগুলি আলোচনা করো।

\*\*\*